কুষ্টিয়ায় বিচার বিভাগীয় কর্মচারী এসোসিয়েশনের মতবিনিময় সভা অনুষ্ঠিত

তিন দফা দাবি আদায়ের আন্দোলনকে অদম্য গতিশীল করার লক্ষ্যে বাংলাদেশ বিচার বিভাগীয় কর্মচারী এসোসিয়েশন কুষ্টিয়া জেলা শাখার আয়োজনে মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে।
গতকাল শনিবার চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালত কক্ষে মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়।

কুষ্টিয়া জেলা শাখা সভাপতি মোহাম্মদ ফজলুর রহমানের সভাপত্বিতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ বিচার বিভাগীয় কর্মচারী এসোসিয়েশন সভাপতি জনাব শাহ মো: মামুন ।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সাধারণ সম্পাদক জনাব কাজী সালাউদ্দিন দিদার, সাংগঠনিক সম্পাদক জনাব মোহাম্মদ নাজিম উদ্দিন। অনুষ্ঠানটি পরিচালনা করেন কুষ্টিয়া জেলা শাখার সাধারণ সম্পাদক তারিক আহমেদ রিঙ্কু ।

কুষ্টিয়া প্রতিনিধি

সাধুর সঙ্গ সাঙ্গ করে ছেউড়িয়া ছাড়ছে ভক্তরা

বাউল সম্রাট ফকির লালন শাহ্ এর তিরোধান স্মরনোৎসবের শেষদিনে সাধুর সঙ্গ সাঙ্গ করে আপন ঠিকানায় ফিরেছেন দুর দুরান্ত থেকে ছেউড়িয়ার তীর্থধামে আসা বাউল, সাধু-ভক্ত, অনুসারীরা।
শুক্রবার সকাল থেকেই ৩দিনের সাধুসঙ্গের ইতি টানতে সঙ্গে আনা গাট্টি, বোচকা গুছিয়ে শেষ বারের মতো ভক্তদের সাথে ভক্তি-কুশল বিনিময়ের মধ্যদিয়ে অশ্রুভরা চোখে বিদায় নিয়ে বাউলরা আখড়াবাড়ি

ছেড়ে রওয়ানা হয়েছেন নিজ নিজ আশ্রমের উদ্দেশ্যে। তারা বলছেন এই মহামিলনের শিক্ষা মানবপ্রেম ছড়িয়ে দেবেন দেশ থেকে দেশান্তরে। আখড়া বাড়িতে অনুষ্ঠিত তিরোধান দিবসের ৩দিনের আনুষ্ঠানিকতা শেষে উৎসবকে কেন্দ্র করে জমজমাট আখড়াবাড়ি এখন অনেকটাই ফাকা। তাদের গুরু বানী ও সবকিছুর কিছুর মুলে পরম মমতায় শ্রদ্ধাভরে গুরুকে বারবার প্রনাম ও নানা রকম ভক্তি জানিয়ে বিদায় নেন শিষ্যরা। তাদের আবার দেখা হবে লালনের দোল অনুষ্ঠানে। বাউল ফকির আর সাধুদের ছাড়াই নাম মাত্র অনুষ্ঠানিতায় শুক্রবারও লালন মঞ্চে আলোচনা সভা ও লালন সংগীত পরিবেশিত হয় রাতভর।
বিদায় বেলায় রাজশাহী থেকে আসা ফকির আমিরুল শাহ অশ্রুসিক্ত নয়নে বলেন, সাধুদের সব কিছুর মুলে গুরু ভক্তি। গুরুকে ভজেই সর্বদা তারা পরমত্মার সন্ধান করে ফেরে। সেই গুরুকে বারবার প্রনাম ও ভক্তি জানিয়ে শির্ষ্যরা বিদায় নিলেও আবারও তারা ঘুরে ঘুরে আসেন গুরু’র এই তীর্থধামে। তাদের যে গুরুর চরনস্পর্শ করা বড়ই দরকার। নইলে সে তো পাবে না আর দ্বিন-দরিয়ার পাড়।
ঢাকা সাভার থেকে আসা এনাম শাহ বলেন, সমাজের অসঙ্গতি, সা¤প্রদায়িকতা, মানুষে মানুষে অযথা হানাহানি দূর করে চিরন্তন মানবধর্ম প্রতিষ্ঠা করতে চেয়েছেন লালন। সাঁইজি তার পদাবলী ও বাণীতে মানুষকে প্রকৃত শুদ্ধ মানুষ হওয়ার আহবান জানিয়েছেন। তাই এই উৎসব কেবল উৎসব নয় এখান থেকে লালনের এমন শিক্ষা ও মানবপ্রেম ছড়িয়ে দেবেন দেশব্যাপী।
শুক্রবার দুপুরে অখড়াবাড়ী ঘুরে দেখা যায়, ১৬অক্টোবর থেকে ১৮অক্টোবর পর্যন্ত ৩দিনের এই আয়োজনে এবার উৎসুক দর্শনাথীদের ভীড় ছিলো চোখে পড়ার মতো। তবে এসময় খেলাফতধারী সাধুদের চোখে পড়েনি খুব একটা। ঘুরে ফিরে স্থানীয় বাউলদেরই চোখে পড়ে। খেলাফতধারী সাধু না থাকলেও থেমে নেই অনুষ্ঠান। দর্শনার্থীদের সমাগম থাকায় মেলার স্টলগুলোতে সারাক্ষনই ভীড় রয়েছে। নাগর দোলা ঘুরছে তার আপন গতিতে। মেলায় আসা দোকানীরা জানালেন বিকিকিনিও বেশ ভালো।
সংস্কৃতি মন্ত্রনালয় ও কুষ্টিয়া জেলা প্রশাসনের সহযোগিতায় লালন একাডেমীর সভাপতি জেলা প্রশাসক আসলাম হোসেনের সভাপতিত্বে সন্ধা ৭টায় অনুষ্ঠিত আলোচনা সভায় প্রধান অতিথি বিভাগীয় কমিশনার লোকমান হোসেন মিয়া এবং প্রধান আলোচক হিসেবে উপস্থিত ছিলেন ইসলামী বিশ^বিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. হারুন উর রশিদ আসকারী। আলোচনা সভা শেষে রাতভর চলে লালন একাডেমীর শিল্পীবৃন্দ ও দেশের খ্যাতনামা শিল্পীদের পরিবেশনায় লালন সংগীতানুষ্ঠান।

কুষ্টিয়া প্রতিনিধি

কুষ্টিয়া জেলা ওয়ার্কার্স পার্টির সম্মেলন অনুষ্ঠিত

কুষ্টিয়া জেলা ওয়ার্কার্স পার্টির সম্মেলন অনুষ্ঠিত হয়েছে। গতকাল সকাল ১০ টা থেকে দিনব্যাপী শহরের ডিসি অফিসের সামনে টাউন হলে এ সম্মেলন অনুষ্ঠিত হয়।

সম্মেলনে প্রধান অতিথি ছিলেন বাংলাদেশের ওয়ার্কার্স পার্টির পলিটব্যুরো সদস্য অধ্যাপক সুশান্ত দাস, বিশেষ অতিথি ছিলেন ওয়ার্কার্স পার্টির পলিটব্যুরো সদস্য কমরেড নূর আহমদ বকুল, জেলা ওয়ার্কাস পার্টির সভাপতি কমরেড ফজলুল হক বুলবুল এর সভাপতিত্বে বক্তব্য রাখেন, ওয়ার্কার্স পার্টি জেলা শাখার সাধারণ সম্পাদক হাফিজ সরকার, কেন্দ্রিয় কমিটির সদস্য কমরেড মজিবর রহমান, জেলা সম্পাদক মন্ডলীর সদস্য গুজরত আলী মোল◌া, নাসির উদ্দিন, লুৎফল হক পাপ্পানা, কুষ্টিয়া জেলা যুবমৈত্রীর সাধারণ সম্পাদক কুষ্টিয়া সরকারী কলেজের সাবেক ভিপি জাহিদুর রহমান, কৃষক সমিতির সভাপতি কমরেড এসরারুল হক, কুষ্টিয়া শহর ওয়ার্কার্স পার্টির সভাপতি রাশেদ খান মেনন, সাধারণ সম্পাদক সোহেল রানা, জেলা ছাত্রমৈত্রীর সভাপতি ইশতিয়াক আহমেদ সিয়াম, ইসলামী বিশ্ববিদ্যালয় ছাত্রমৈত্রীর সভাপতি আব্দুর রউফ।

প্রধান অতিথি ওয়ার্কার্স পার্টির পলিটব্যুরো সদস্য কমরেড সুশান্ত দাস বলেন, স্বাধীনতার ৪৮ বছর অতিক্রান্ত হলেও জনগনের মাঝে মুক্তিযুদ্ধের আকাঙ্খা এখনও প্রতিফলিত হয়নি। উপরোন্ত দেশে কয়েক দশক ধরে লুটেরা অর্থনীতি এবং অগনতান্ত্রিক পেশীশক্তির একটি রাষ্ট্র কাঠামো শক্তিশালী হয়েছে। শিল্প সংস্কৃতির নেতিবাচক এবং মৌলবাদী ধারাকে উস্কে দেয়া হয়েছে। পার্টির প্রতিটি কর্মীকে জনগনের পক্ষে দাড়িয়ে বৈষম্য নিপীড়ন ও নির্যাতনের বিরুদ্ধে দাঁড়াতে হবে। বিশেষ অতিথি কমরেড নূর আহমদ বকুল বলেন, বুয়েটে আবরাব হত্যার ঘটনা শিক্ষাঙ্গনের ভয়াবহ পরিস্থিতি,দলবাজি

লেজুরবৃত্তি রাজনীতির বহি: প্রকাশ ঘটিয়েছে। সেই অপরাজনীতির মূলে রয়েছে কালো টাকা।

পেশী শক্তির দুর্নীতিবাজ রাজনীতি আজকে আবরাব হত্যাকান্ডকে ঘিরে ছাত্র রাজনীতি বন্ধের পায়তারা করছে এবং মৌলবাদী রাজনীতিকে উৎসাহিত করছে। সম্মেলনে আলোচনা শেষে একটি লাল পতাকার মিছিল শহর ঘুরে এসে আবার সম্মেলনস্থল টাউন হলে মিলিত হয়।

সম্মেলনে কাউন্সিলাররা ১৯ জন কমরেডকে জেলা কমিটির সদস্য নির্বাচিত করেন। জেলা কমিটির সদস্যরা বৈঠকে বসে কমরেড ফজলুল হক বুলবুলকে সভাপতি ও হাফিজ সরকারকে সাধারণ সম্পাদকের দায়িত্ব পুনরায় প্রদান করেন।

কমিটির অন্য সদস্যরা হলেন, আব্দুল হক, নাসির উদ্দিন, আমিনুল ইসলাম, সিরাজুল ইসলাম বাবু,গুজরত আলী মোল◌া, জহুরুল হক দুলাল, লুৎফুল হক পাপ্পান্না, এসরারুল হক, আমজাদ হোসেন খোকন, দেলোয়ার হোসেন,মজিবর রহমান, হালিমুজ্জামান, জাহিদুর রহমান, রাশেদ খান, সোহেল রানা, মকলেসুর রহমান।

নিজস্ব প্রতিনিধি

কুষ্টিয়ায় কৃষক হত্যা মামলায় স্ত্রীসহ ৪ জনের ফাঁসি

কুষ্টিয়ার ভেড়ামারার কৃষক হানিফ আলী খামারুর হত্যা মামলায় হানিফের স্ত্রী সহ ৪ জনকে ফাঁসির আদেশ দিয়েছেন আদালত। বুধবার বেলা পৌনে ১২টার দিকে কুষ্টিয়ার জেলা ও দায়রা জজ আদালতের বিচারক অরূপ কুমার গোস্বামী এ রায় দেন।

দ-প্রাপ্তরা হলেন- ভেড়ামাা উপজেলার আড়কান্দি এলাকার লরু প্রামাণিকের ছেলে শ্যামল প্রামাণিক (২৭), বাদশা আলীর ছেলে আসমত আলী ম-ল (৪৭), মিরাজ উদ্দিনের ছেলে মুকুল হোসেন (২৮) এবং নিহত হানিফ আলীর স্ত্রী দোলেনা বেগম (৪২)।

আদালত সূত্রে জানা যায় , গত ১০ /৪/২০১৭ খ্রিঃ তারিখ রাত ১ .০০ টায় আসামি মুকুল , আসমত এবং শ্যামলের সহায়তায় ঘটনাস্থল মাধবপুর মৌজার আবুল মাস্টারের পতিত জমিতে মুকুল প্রথমে কৃষক হানিফ খামারুর গলায় গামছা পেঁচিয়ে মাটিতে ফেলে দেয়। এরপর আসামি আসমত দুই পা চেপে ধরে। আসামি শ্যামল তার বুকে চেপে ধরে। অতঃপর আসামি মুকুল একটি ছোরা দিয়ে তাকে গলায় নৃশংস ভাবে পোঁচ দিয়ে হত্যা করে। আসামি মুকুল ব্যবহৃত ছোরাটি আসামি আসমতকে দিয়ে দেয়। তারা ৩ জন মরদেহ উক্ত স্থানে ফেলে রেখে চলে আসে।

পরের দিন সকালে হানিফ বাড়িতে ফিরে না আসায় তার স্ত্রী দোলেনা বেগম , তার চাচাতো ভাই মুকুল সহ অন্যরা খোঁজ করে এবং বাদী আমিরুল ইসলামকে মোবাইল ফোনে খবর দেয়। তখন বাদী দিনাজপুর নুরিয়া দরবার শরীফে কর্মরত ছিল। সে বাড়িতে ফিরে এসে মামলা দায়ের করেন।

ঘটনা তদন্তে জানা যায় যে , গত ০৬ /০১/২০১৭ খ্রিঃ তারিখ ৫ .৪৫ টায় আরকান্দি মন্ডলপাড়ায় একটি মারামারির ঘটনা ঘটে। উক্ত মারামারির ঘটনায় মো . ইয়াসিন আলী প্রামাণিক ও তার পুত্র ময়নুল প্রামাণিক গুরুতর জখম হয়। উক্ত ঘটনায় ভেড়ামারা থানায় মামলা নং -২, তারিখ ০১/০৮/১৭ খ্রিঃ দাখিল হয়। এই মামলায় ইয়াসিন আলী ও তার পুত্র ৯ /১০ দিন রাজশাহী মেডিকেলে চিকিৎসা নেয়ার পর ইয়াসিন আলী মারা যায়। এই ইয়াসিন আলী মারা যাওয়ার ঘটনায় মুকুলের ভাই সহ প্রায় ১৫ জন আসামি হয়। যেহেতু মুকুল ও তার আত্মীয় স্বজন এই হত্যা মামলায় আসামি হয় , সেহেতু এই মামলা থেকে মুক্তি পাওয়ার জন্য এবং ঘটনা ভিন্নখাতে প্রবাহিত করার জন্য তারা হানিফকে হত্যা করে। পরবর্তীতে মৃত হানিফ খামারুর হত্যাকে অন্যখাতে প্রবাহিত করার পূর্বে এই মামলা রুজুর প্রেক্ষাপটে সিডিআর , কললিস্ট ও তাদের কথোপকথন শুনে তদন্তপূর্বক আসামিদের বিরুদ্ধে আনীত অভিযোগ প্রাথমিকভাবে সত্য প্রমাণিত হওয়ায় তাদের বিরুদ্ধে ভেড়ামারা থানার অভিযোগপত্র নং -৯২, তারিখ ১৫/৬/১৭ খ্রিঃ দাখিল করেন।

কুষ্টিয়া কোর্টের পিপি এ্যাড . অনুপ কুমার নন্দি জানান , পেনাল কোডের ৩০২ ধারায় আদালত লরু প্রামাণিকের ছেলে শ্যামল প্রামাণিক (২৭), বাদশা আলীর ছেলে আসমত আলী ম -ল (৪৭), মিরাজ উদ্দিনের ছেলে মুকুল হোসেন (২৮) দোষী সাব্যস্ত করে মৃত্যুদ -ের আদেশ দেন। অপর আসামি মৃত হানিফ আলীর স্ত্রী দোলেনা বেগম (৪২) কে পেনাল কোডের ৩০২/১০৯ ধারায় দোষী সাব্যস্ত করে মৃত্যুদ -ের আদেশ দিয়েছেন আদালত।

আসামি পক্ষের আইনজীবী ছিলেন এ্যাড. আবু জাফর সিদ্দিকী ও মোছা. আয়েশা সিদ্দিক।

কুষ্টিয়া প্রতিনিধি

কুষ্টিয়ায় লালন শাহের ১২৯ তম তিরোধান দিবসের উদ্বোধন

বাউল সম্রাট ফকির লালন শাহের ১২৯তম তিরোধান দিবস পালন উপলক্ষ্যে লালন একাডেমি চত্বরে তিন দিনব্যাপী লালন মেলার উদ্বোধন করা হয়েছে । বুধবার রাতে কুষ্টিয়ার কুমারখালির ছেঁউড়িয়াতে তিরোধান দিবসের তিন দিনের এ অনুষ্ঠানের উদ্বোধন করেন আওয়ামীলীগের যুগ্ম সাধারণ সম্পাদক ও কুষ্টিয়া ৩ আসনের সংসদ সদস্য মাহবুব উল আলম হানিফ।

উদ্বোধনী অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে আরও বক্তব্য রাখেন, কুষ্টিয়া-১ আসনের সংসদ সদস্য আ.কা.ম. সরওয়ার জাহান বাদশাহ্, কুষ্টিয়া-৪ আসনের সংসদ সদস্য ব্যারিষ্টার সেলিম আলতাফ জর্জ, খুলনা রেঞ্জ ডিআইজি ড. খ: মহিদ উদ্দিন বিপিএম (বার), কুষ্টিয়ার পুলিশ সুপার এসএম তানভীর আরাফাত পিপিএম,(বার), জেলা পরিষদের চেয়ারম্যান হাজী রবিউল ইসলাম, জেলা আওয়ামী লীগের সভাপতি আলহাজ্ব সদর উদ্দিন খাঁন, সাধারণ সম্পাদক আজগর আলী, বিজ্ঞ পিপি এড. অনুপ কুমার নন্দী, কুষ্টিয়া প্রেসক্লাব-কেপিসি’র সভাপতি আলহাজ্ব রাশেদুল ইসলাম বিপ্লব।

উদ্বোধনী অনুষ্ঠানের সভায় প্রধান আলোচক হিসেবে আলোচনা করেন কুষ্টিয়ার ইসলামী বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য প্রফেসর ড. মো: শাহিনুর রহমান। অনুষ্ঠানের শুরুতেই শুভেচ্ছা বক্তব্য রাখেন কুষ্টিয়ার অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) ও লালন একাডেমীর সহ-সভাপতি আজাদ জাহান। উক্ত অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন কুষ্টিয়া জেলা প্রশাসকের কার্যালয় নেজারত ডেপুটি কালেক্টর ও লালন

একাডেমীর এ্যডহক কমিটি সদস্য সচিব এম.এ মোহাইমিন আল জিহান। উদ্বোধনী অনুষ্ঠানের সভাপতিত্ব করেন কুষ্টিয়া জেলা প্রশাসক ও লালন একাডেমির সভাপতি মো: আসলাম হোসেন।

কুষ্টিয়া প্রতিনিধি

চির নিদ্রায় শায়িত আবরার

ছাত্রলীগ নেতাকর্মীদের নির্যাতনে নিহত বুয়েটের শিক্ষার্থী আবরার ফাহাদকে দাফন করা হয়েছে কুষ্টিয়ার কুমারখালী উপজেলার কয়া ইউনিয়নের রায়ডাঙ্গা গ্রামের কবরস্থানে।
মঙ্গলবার বেলা পৌনে ১১টায় নিজ বাসার সামনে আবরারের তৃতীয় জানাজা শেষে স্থানীয় রায়ডাঙ্গা কবরস্থানে তাকে দাফন করা হয়।

কুষ্টিয়ার আফসার উদ্দিন গার্লস ফাজিল মাদরাসার ভাইস প্রিন্সিপাল রেজাউল করিম এই জানাজা পড়ান। এতে সহস্রাধিক মানুষ অংশ নেন।

এদিকে মেধাবী শিক্ষার্থী আবরার ফাহাদের মরদেহ নিজ গ্রামে পৌঁছালে তা নিয়ে বিক্ষোভ করে এলাকার হাজার হাজার মানুষ। এ সময় তারা হত্যাকারীদের গ্রেফতার ও দৃষ্টান্তমূলক শাস্তির দাবিতে বিভিন্ন স্লোগান দেয়। শত শত মানুষ প্ল্যাকার্ড হাতে নিয়ে হত্যাকরীদের ফাঁসির দাবি জানায়।

এর আগে মঙ্গলবার ভোর সাড়ে ৫টার দিকে নিহত আবরার ফাহাদের বাবা বরকত উল্লাহ, ছোট ভাই আবরার ফাইয়াজসহ স্বজনরা ঢাকা থেকে অ্যাম্বুলেন্সযোগে আবরার ফাহাদের মরদেহ কুষ্টিয়া শহরের পিটিআই রোডের নিজ বাড়িতে নিয়ে আসেন। এ সময় সেখানে এক হৃদয়বিদারক দৃশ্যের অবতারণা হয়। স্বজনদের কান্নায় সেখানকার বাতাস ভারী হয়ে ওঠে।

আবরারকে একনজর দেখার জন্য সেখানে আগে থেকে ভিড় জমান শত শত মানুষ। এ সময় আবরারের মরদেহ দেখে উপস্থিত কেউই চোখের পানি ধরে রাখতে পারেনি।

সকাল সাড়ে ৬টার দিকে আল-ইকরা জামে মসজিদের সামনে আবরার ফাহাদের

দ্বিতীয় জানাজা অনুষ্ঠিত হয়। শত শত মানুষ এই জানাযায় অংশ নেয়। পরে সকাল সাড়ে ৮টার দিকে মরদেহ নেয়া হয় তার গ্রামের বাড়ি কুমারখালী উপজেলার রায়ডাঙ্গা গ্রামে। সকাল ৯ টার দিকে আবরারের মরদেহ তার নিজ গ্রাম কুমারখালী উপজেলার রায়ডাঙ্গা গ্রামে পৌঁছায়। সেখানে সকাল ১০টায় তার তৃতীয় জানাজা অনুষ্ঠিত হয়।

জানাজা শেষ হওয়া মাত্রই বিক্ষুদ্ধ এলাকাবাসী রাস্তায় নেমে হাতে প্ল্যাকার্ড নিয়ে বিক্ষোভ করে। তারা আবরার হত্যাকারীদের গ্রেফতারসহ ফাঁসির দাবি জানায়। পরে বেলা পৌনে ১১টার দিকে রায়ডাঙ্গা গোরস্থানে আবরার ফাহাদকে সমাহিত করা হয়।

উল্লেখ্য, রোববার (৬ অক্টোবর) দিবাগত মধ্যরাতে বুয়েটের সাধারণ ছাত্র ও বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ আবরারকে শেরেবাংলা হলের দ্বিতীয় তলা থেকে অচেতন অবস্থায় উদ্ধার করে ঢাকা মেডিকেল কলেজ (ঢামেক) হাসপাতালে নিয়ে যান। সোমবার সকাল সাড়ে ৬টার দিকে কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন।
কুষ্টিয়া প্রতিনিধি

ডেঙ্গু প্রতিরোধে পরিস্কার পরিচ্ছন্ন অভিযান অব্যাহত রাখতে হবে

ডেঙ্গু বিরোধী অভিযান একদিনের নয়, শহর এবং গ্রামে সমানভাবে বাড়ি ও কর্মন্থলের আশে পাশে পরিস্কার-পরিচ্ছন্ন অভিযান অব্যাহত রাখতে হবে। এটি একদিনের কাজ নয়। প্রতিদিন অব্যাহত রাখতে হবে।

গতকাল কুষ্টিয়া হাই স্কুল হলরুমে প্রত্যয় যুব সংঘের আয়োজনে ডেঙ্গু বিরোধী এক সমাবেশে প্রধান অতিথির বক্তব্যে জেলা প্রশাসক মোঃ আসলাম হোসেন একথা বলেন। তিনি আরো বলেন, শিক্ষক, শিক্ষার্থী এবং অভিভাবকদের বাড়ির ছাদ এবং আশে পাশে পরিস্কার পরিচ্ছন্ন রাখতে হবে। বিশেষ করে ফুলের টব, প্লাস্টিকের পরিত্যক্ত পাত্র, ভাঙা হাড়ি-পাতিল, টিনের কৌটা, গাড়ির পরিত্যাক্ত টায়ার,

ভাঙা কলস, ড্রাম, নারিকেল ও ডাবের খোসা বা মালা, ফাস্ট ফুডের কন্টেননার, এসি ও ফ্রিজের তলা যে সব স্থানে মশা জন্মায় সেইসব স্থানে পানি জমতে দেবেন না। বাড়ির ভেতর, আশে পাশে ও আঙিনা পরিস্কার রাখুন। দিনে অথবা রাতে ঘুমানোর সময় মশারী ব্যবহার করুন।

প্রত্যয় যুব সংঘের সভাপতি এস এম সুমনের সভাপতিত্বে বিশেষ অতিথি ছিলেন, অতিরিক্ত পুলিশ সুপার আজাদুর রহমান, কুষ্টিয়া প্রেসক্লাব কেপিসি’র সভাপতি রাশেদুল ইসলাম বিপ্লব, কুষ্টিয়া হাই স্কুলের প্রধান শিক্ষক খলিলুর রহমান, সহকারি প্রধান শিক্ষক শাবানা ইয়াসমিন, সাংবাদিক ইউনিয়ন কুষ্টিয়ার সাধারণ সম্পাদক জামিল হাসান খান খোকন, সাংস্কৃতিক ব্যক্তিত্ব কনক চৌধুরী। অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন প্রত্যয় যুব সংঘের সাধারণ সম্পাদক তামজিদ বিশ্বাস তনু, অর্থ সম্পাদক সজিবুল ইসলাম, সদস্য মিলিনা খাতুন, হাবিবুর রহমান রাব্বি, নাইম ইসলাম, কাউসার আলী, বায়েজীদ ইসলাম সহ অন্যান্য সকল সদস্যবৃন্দ।

মেপ্র/ নিজস্ব প্রতিনিধি

কুষ্টিয়ায় পুলিশ সুপারের সাথে সাংবাদিকদের মতবিনিময়

কুষ্টিয়ার পুলিশ সুপার এস এম তানভীর আরাফাত পিপিএম (বার) এর সাথে কুষ্টিয়া প্রেসক্লাব কেপিসি’র সাংবাদিকদের এক মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে। সভায় পুলিশ সুপারকে কাছে ক্লাবের স্মরণিকা প্রদান করা হয়।

বৃহস্পতিবার দুপুরে পুলিশ সুপারের কার্যালয়ে এ মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়।

এতে উপস্থিত ছিলেন, কুষ্টিয়া প্রেসক্লাব কেপিসি’র সভাপতি আলহাজ¦ রাশেদুল ইসলাম বিপ্লব, সহ-সভাপতি মীর আল আরেফিন বাবু, হাজী জামিল হাসান খান খোকন, সাধারণ সম্পাদক সোহেল রানা, যুগ্ম সম্পাদক শেখ

হাসান বেলাল, আরিফুজ্জামান লিপটন, সাংগঠনিক সম্পাদক সাবিনা ইয়াসমিন শ্যামলী, কোষাধ্যক্ষ মিলন উল্লাহ , দপ্তর সম্পাদক নাহিদ হাসান তিতাস , প্রচার ও প্রকাশনা সম্পাদক মাহমুদ হাসান, ক্রীড়া ও সাংস্কৃতিক সম্পাদক আখতারুজ্জামান মৃধা পলাশ, তথ্য ও গবেষণা সম্পাদক ইমরান হাসান পাপ্পু, নির্বাহী সদস্য আফরোজা আক্তার ডিউ, তৌফিক তপন, সাধরণ সদস্য সুমন মাহমুদ, আতিকুজ্জামান ছন্দ, নাজমুল হোসেন দৈনিক, হাফিজুর রহমান জীবন, চাঁদ আলী, আরিফ ইসলাম, শাহীন হুদা, আরাফাত হোসেন, মাহমুদুল হক বাদল, রিয়াজুল ইসলাম সেতু প্রমূখ।
মেপ্র/ নিজস্ব প্রতিনিধি